

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট

সভার, ঢাকা।

গত ২৮/০৬/২০১৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


গত ২৮ জুন, ২০১৬ খ্রি. তারিখ দুপুর ২:০০ ঘটিকায় সার্ক রিজিওনাল লিডিং ডায়াগনস্টিক ল্যাবোরেটরী ফর পিপিআর এর পরিচালকের দপ্তরে চীফ ইনোভেশন অফিসার জনাব ড. রফিকুল ইসলাম এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের জুন, ২০১৬ খ্রি. মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. রেজিয়া খাতুন, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএলআরআই এ চলমান ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	দাপ্তরিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজস্ব ডোমেইনভুক্ত দাপ্তরিক ই-মেইল ব্যবহার করার নির্দেশ সম্বলিত একটি পত্র জারী করা হবে।	অতিরিক্ত পরিচালক
০২।	ডিজিটাল নথি নাশ্বার ব্যবহারের জন্য সকল বিভাগ ও শাখাকে নির্দেশ প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ।	অতিরিক্ত পরিচালক
০৩।	প্রশাসন ভবনের ভিতরে স্থাপিত অভিযোগ বাক্সটি প্রধান ফটকের বাহিরে প্রকাশ্য ও উন্মুক্ত স্থানে স্থাপন করা হবে।	তথ্য কর্মকর্তা

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ রফিকুল ইসলাম)
সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার